# ৩৮তম বিসিএস (লিখিত) পরীক্ষা

<u>নাফ</u>

বিষয় কোড : ০০৭

পূর্ণমান : ১০০

নির্ধারিত সময় : ৩ ঘণ্টা

[দ্রষ্টব্য : প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

নম্বর

১. নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখুন। ৪ × ১০ = ৪০

ক. বহুজাতিক রাষ্ট্র বলতে কী বোঝায়?

খ. মানব নিরাপত্তার প্রধান উপাদানগুলো কী কী?

গ. গণতান্ত্রিক শান্তি তত্ত্বের (Democratic Peace Theory) মূল বক্তব্য কী?

ঘ. মানবতার বিরুদ্ধে অপরাধ বলতে কী বোঝায়? উদাহরণ দিন।

ঙ. ‘ভূখণ্ড’ এবং ‘ভূখণ্ডগত অখণ্ডতা’র মধ্যে পার্থক্য কী?

চ. উন্নয়নশীল দেশের বৈশিষ্ট্যসমূহ সংক্ষিপ্ত আলোচনা করুন।

ছ. বৈশ্বিক সম্পদের (Global Commons) ধারণাটি কী?

জ. আন্তর্জাতিক বাণিজ্যে সর্বাধিক পছন্দসই দেশ (Most Favoured Nation) বলতে কী বোঝায়?

ঝ. অভ্যন্তরীণ এবং বাহ্যিক হুমকির মধ্যে পার্থক্য কী?

ঞ. আন্তর্জাতিক রাজনীতিতে অরাষ্ট্রীয় কর্মক (Not-State Actors) বলতে কী বোঝায়? উদাহরণসহ লিখুন।

ট. জাতিসংঘের অধীনে শান্তিরক্ষা বলতে কী বোঝায়?

ঠ. আন্তর্জাতিক রাজনীতিতে শক্তি বলতে কী বোঝায়?

২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন। ১৫ × ৩ = ৪৫

ক. i. বাংলাদেশ-মিয়ানমার দ্বিপক্ষীয় ~~(দ্বিপাক্ষিক)~~ সম্পর্কের গুরুত্বপূর্ণ বিষয়াদি চিহ্নিত করুন। ৫

ii. রোহিঙ্গা ইস্যুকে আপনি কি ‘জাতীয় নিরাপত্তার সংকট’ না ‘মানবতায় সংকট’ হিসেবে বিবেচনা করেন? আপনার বিবেচনায় এ সংকট মোকাবিলা করার কৌশল ও পদক্ষেপসমূহ আলোচনা করুন। ১০

খ. i. সিরিয়া যুদ্ধে রাশিয়ার সম্পৃক্ততার ফলে যুদ্ধের সম্ভাব্য পরিণতিতে কী ধরনের পরিবর্তন ঘটেছে বলে আপনি মনে করেন? ১০

ii. সিরিয়া সংকটের ভবিষ্যৎ কী? ৫

গ. অভিবাসন ও উন্নয়নের মধ্যকার সম্পর্ক চিহ্নিত করুন। সমসাময়িক বিশ্বব্যবস্থায় এ সম্পর্ককে আপনি কীভাবে মূল্যায়ন করেন? বিস্তারিত লিখুন। ১৫

ঘ. i. বাংলাদেশের ভৌগোলিক অবস্থানের সমস্যা ও সম্ভাবনাসমূহ কী কী? ৬

ii. দক্ষিণ এশিয়ার পরিবর্তনশীল প্রেক্ষাপটে বাংলাদেশের ভূকৌশলগত গুরুত্ব ব্যাখ্যা করুন। ৯

৩. মিয়ানমার এবং ভারতের সঙ্গে সমুদ্র সীমানা বিরোধ নিষ্পত্তির ফলে বঙ্গোপসাগরে ব্যাপক অঞ্চল বাংলাদেশের সার্বভৌমত্বের অধীন। এই এলাকায় শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ সরকারের জন্য একটি নীতিপত্র (Policy Brief) তৈরি করুন। ১৫